

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৪৪৪(আগরতলা ২৬।১০)

আগরতলা, ২৬ অক্টোবর, ২০২৩

নবনিযুক্ত রাজ্যপালের শপথ

রাজভবনের দরবার হলে আজ সকালে রাজ্যের নবনিযুক্ত রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নল্লু শপথ গ্রহণ করেন। ত্রিপুরা হাইকোর্টের প্রধান বিচারপতি অপরেশ কুমার সিং নবনিযুক্ত রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নল্লুকে শপথ বাক্য পাঠ করান। শপথ গ্রহণের পর ত্রিপুরা পুলিশের পক্ষ থেকে রাজ্যপালকে গার্ড অন অনার দেওয়া হয়। শপথ গ্রহণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা, অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহরায়, পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী, শিল্পমন্ত্রী সাত্বনা চাকমা, জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা, সমাজকল্যাণ ও সমাজশিক্ষা মন্ত্রী টিংকু রায়, প্রাণীসম্পদ বিকাশ মন্ত্রী সুধাংশু দাস, বিধানসভার উপাধ্যক্ষ রামপ্রসাদ পাল, ত্রিপুরা হাইকোর্টের বিচারপতি অরিন্দম লোধ, মুখ্যসচিব জে কে সিনহা, রাজ্য পুলিশের মহানির্দেশক অমিতাভ রঞ্জন, এডভোকেট জেনারেল সিদ্ধার্থ শংকর দে ও রাজ্য প্রশাসনের বরিষ্ঠ আধিকারিকগণ। তাছাড়া উপস্থিত ছিলেন রাজ্যপালের স্ত্রী সহ তাঁর আত্মীয় পরিজন। শপথ গ্রহণের পর সংবাদ মাধ্যমের সাথে কথা বলতে গিয়ে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নল্লু বলেন, মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা ও তার সরকারের সহযোগিতা নিয়ে তিনি রাজ্যে প্রশাসনে স্বচ্ছতা, ক্ষমতায়ন ও দায়বদ্ধতা নিয়ে রাজ্যের উন্নয়নের জন্য সচেষ্ট থাকবেন। ত্রিপুরার রাজ্যপালের দায়িত্ব তার উপর ন্যস্ত করায় তিনি রাষ্ট্রপতিকে ধন্যবাদ জানান।
